কৃষিই সমৃদ্ধি

(একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত সংশোধিত সরকারি মন্জুরি আদেশ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

উপকরণ-২ শাখা

www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২২.৪৬৩

তারিখ : ৩০ আষাঢ় ১৪২৯ / ১৪ জুলাই ২০২২

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়** : ২০২২-২৩ অর্থবছরে রোপা আমন/২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে উফশী আমন জাতের বীজ, সার ও অন্যান্য অনুদান বাবদ পুনর্বাসন কর্মসূচির ৪৯২.৭৫ লক্ষ (চার কোটি বিরানব্বই লক্ষ পচাঁত্তর হাজার) টাকা ছাড়করণ ও অগ্রীম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।

মহোদয়,

২০২২-২৩ অর্থবছরে রোপা আমন/২০২২-২৩ (খরিপ-২) মৌসুমে সাম্প্রতিক বন্যার ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তত্ত্বাবধানে অধিক ক্ষতিগ্রস্থ জেলাসমূহে কৃষকের জমিতে রোপা আমন ফসলের উফশী জাতের চারা উৎপাদনের লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে রোপাআমন ধানের উফশী জাতের বীজ সহায়তা বাবদ কৃষি পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের জন্য ২০২২-২৩ অর্থ বছরের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বরাদ্দকৃত ৫০০০০.০০ লক্ষ (পাঁচশত কোটি) টাকা হতে উক্ত খাতের অন্তর্ভুক্ত "৩২৫১১০৫- সার" উপখাতে বরাদ্দকৃত ১২৫০০.০০ লক্ষ (একশত পঁচিশ কোটি) টাকা হতে ২৪৩.০০ লক্ষ (দুই কোটি তেতাল্লিশ লক্ষ) টাকা, "৩২৫১১০৯- বীজ ও চারা" উপখাতে বরাদ্দকৃত ৩১৫০০.০০ লক্ষ (তিনশত পনের কোটি) টাকা হতে ১৯৩.৫০ লক্ষ (এক কোটি তিরানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং '৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ৬০০০.০০ লক্ষ (ষাট কোটি) টাকা হতে ৫৬.২৫ লক্ষ (ছাপান্ন লক্ষ পঁচিশ হাজার) টাকাসহ সর্বমোট ৪৯২.৭৫ লক্ষ (চার কোটি বিরানব্বই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ব্যয়ের লক্ষ্যে ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাজন অনুযায়ী ১২টি জেলার জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে এতদ্বারা ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এ অর্থ ব্যয়ে ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত 'বাস্তবায়ন পদ্ধতি' ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। এ কর্মসূচির আওতায় বিঘাপ্রতি খরচের হিসাব :

| বিঘাপ্রতি উপকরণ সহায়তা | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| উপকরণের নাম | বীজ | ডিএপি | এমওপি | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় (টাকা) | মোট বরাদ্দ (টাকা) |
| বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | ২৫.০০ | ২৫.০০ | |
| উপকরণের একক মূল্য (টাকা) | ৪৩.০০ | ১৪.০০ | ১৩.০০ | ১.৫০ | ১.০০ | |
| বিঘাপ্রতি মোট সহায়তা (টাকা) | ২১৫.০০ | ১৪০.০০ | ১৩০.০০ | ৩৭.৫০ | ২৫.০০ | ৫৪৭.৫০ |

চলমান পাতা-২

০৩। চলতি ২০২২-২৩ অর্থবছরে রোপা আমন/২০২২-২৩ মৌসুমে মৌসুমে বন্যার ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে রোপাআমন ধানের উফশী জাতের বীজ বাবদ কৃষি পুনর্বাসন কর্মসূচির জেলাভিত্তিক কোডওয়ারী বিভাজন।

লক্ষ টাকা

| ক্র: নং | জেলার নাম | উপকার ভোগী কৃষকের সংখ্যা | বীজের পরিমান (মে.টন) | রাসায়নিক সারের পরিমান (মে.টন) | | | বীজের মূল্য (লক্ষ টাকা) | সারের মূল্য (লক্ষ টাকা) | | | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | মোট বরাদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট | | ডিএপি | এমওপি | মোট | | | | |
| ১ | টাঙ্গাইল | ৫৪০০ | ২৭.০০ | ৫৪.০০ | ৫৪.০০ | ১০৮.০০ | ১১.৬১০ | ৭.৫৬ | ৭.০২ | ১৪.৫৮ | ২.০২৫০ | ১.৩৫০ | ৩.৩৭৫০ | ২৯.৫৬৫০ |
| ২ | কিশোরগঞ্জ | ১৮০০ | ৯.০০ | ১৮.০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৩.৮৭০ | ২.৫২ | ২.৩৪ | ৪.৮৬ | ০.৬৭৫০ | ০.৪৫০ | ১.১২৫০ | ৯.৮৫৫০ |
| ৩ | জামালপুর | ৩৬০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৩৬.০০ | ৭২.০০ | ৭.৭৪০ | ৫.০৪ | ৪.৬৮ | ৯.৭২ | ১.৩৫০০ | ০.৯০০ | ২.২৫০০ | ১৯.৭১০০ |
| ৪ | নেত্রকোনা | ১৮০০ | ৯.০০ | ১৮.০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৩.৮৭০ | ২.৫২ | ২.৩৪ | ৪.৮৬ | ০.৬৭৫০ | ০.৪৫০ | ১.১২৫০ | ৯.৮৫৫০ |
| ৫ | ব্রাহ্মণবাড়িয়া | ৮১০০ | ৪০.৫০ | ৮১.০০ | ৮১.০০ | ১৬২.০০ | ১৭.৪১৫ | ১১.৩৪ | ১০.৫৩ | ২১.৮৭ | ৩.০৩৭৫ | ২.০২৫ | ৫.০৬২৫ | ৪৪.৩৪৭৫ |
| ৬ | সিলেট | ১৭১০০ | ৮৫.৫০ | ১৭১.০০ | ১৭১.০০ | ৩৪২.০০ | ৩৬.৭৬৫ | ২৩.৯৪ | ২২.২৩ | ৪৬.১৭ | ৬.৪১২৫ | ৪.২৭৫ | ১০.৬৮৭৫ | ৯৩.৬২২৫ |
| ৭ | মৌলভী বাজার | ৭২০০ | ৩৬.০০ | ৭২.০০ | ৭২.০০ | ১৪৪.০০ | ১৫.৪৮০ | ১০.০৮ | ৯.৩৬ | ১৯.৪৪ | ২.৭০০০ | ১.৮০০ | ৪.৫০০০ | ৩৯.৪২০০ |
| ৮ | হবিগঞ্জ | ১৮৯০০ | ৯৪.৫০ | ১৮৯.০০ | ১৮৯.০০ | ৩৭৮.০০ | ৪০.৬৩৫ | ২৬.৪৬ | ২৪.৫৭ | ৫১.০৩ | ৭.০৮৭৫ | ৪.৭২৫ | ১১.৮১২৫ | ১০৩.৪৭৭৫ |
| ৯ | সুনামগঞ্জ | ৮১০০ | ৪০.৫০ | ৮১.০০ | ৮১.০০ | ১৬২.০০ | ১৭.৪১৫ | ১১.৩৪ | ১০.৫৩ | ২১.৮৭ | ৩.০৩৭৫ | ২.০২৫ | ৫.০৬২৫ | ৪৪.৩৪৭৫ |
| ১০ | বগুড়া | ১৮০০ | ৯.০০ | ১৮.০০ | ১৮.০০ | ৩৬.০০ | ৩.৮৭০ | ২.৫২ | ২.৩৪ | ৪.৮৬ | ০.৬৭৫০ | ০.৪৫০ | ১.১২৫০ | ৯.৮৫৫০ |
| ১১ | সিরাজগঞ্জ | ৭২০০ | ৩৬.০০ | ৭২.০০ | ৭২.০০ | ১৪৪.০০ | ১৫.৪৮০ | ১০.০৮ | ৯.৩৬ | ১৯.৪৪ | ২.৭০০০ | ১.৮০০ | ৪.৫০০০ | ৩৯.৪২০০ |
| ১২ | কুড়িগ্রাম | ৯০০০ | ৪৫.০০ | ৯০.০০ | ৯০.০০ | ১৮০.০০ | ১৯.৩৫০ | ১২.৬০ | ১১.৭০ | ২৪.৩০ | ৩.৩৭৫০ | ২.২৫০ | ৫.৬২৫০ | ৪৯.২৭৫০ |
| | মোট | ৯০০০০ | ৪৫০.০০ | ৯০০.০০ | ৯০০.০০ | ১৮০০.০০ | ১৯৩.৫০ | ১২৬.০০ | ১১৭.০০ | ২৪৩.০০ | ৩৩.৭৫০০ | ২২.৫০০ | ৫৬.২৫০০ | ৪৯২.৭৫০০ |

*** একজন কৃষক ১ বিঘা জমির চারা উৎপাদনের জন্য মোট ৫.০০ কেজি বীজ, ১০ কেজি ডিইপি, ১০ কেজি এমওপি সার পাবেন।**

*** প্রতি কেজি ব্রিধান-৩৪ জাতের বীজের মূল্য ৮২.০০ টাকা এবং অন্যান্য সকল জাতের বীজের মূল্য ৫৫.০০ টাকা এবং প্রতি কেজি ডিএপি সারের মূল্য ১৪.০০ টাকা এবং প্রতি কেজি এমওপি সারের মূল্য ১৩.০০ টাকা ধরা হয়েছে।**

০৪। '২০২২-২৩ অর্থবছরে রোপা আমন/২০২২-২৩ (খরিপ-২) মৌসুমে সাম্প্রতিক বন্যার ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তত্ত্বাবধানে অধিক ক্ষতিগ্রস্থ জেলাসমূহে কৃষকের জমিতে রোপা আমন ফসলের উফশী জাতের চারা উৎপাদনের লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে রোপাআমন ধানের উফশী জাতের বীজ ও সার পুনর্বাসন সহায়তা কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি' এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০৫। শর্তাবলী :

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2008 (সংশোধনীসহ) অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

২. উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কৃষি পুনর্বাসন কার্যক্রম (বীজও সার সহায়তা) বাস্তবায়নের লক্ষ্যে উপসহকারী কৃষি অফিসারগন কৃষক নির্বাচন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. কর্মসূচি প্রাপ্তির পর জেলা কৃষি পুনর্বাসন কমিটি যথাসম্ভব দ্রুত উপজেলাওয়ারী বিভাজন করে তদঅনুযায়ী বরাদ্দকৃত অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহি অফিসারের অনুকূলে ছাড় করবেন;

৫. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি অফিসারের মাধ্যমে যথাসম্ভব দ্রুত আগ্রহী কৃষকের তালিকা প্রস্তুত ও অনুমোদন করে সে অনুযায়ী বরাদ্দকৃত এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক আমন ধান চাষে আগ্রহী ও উপযুক্ত কৃষক পরিবারের মাঝে বিতরণ করবে;

চলমান পাতা-৩

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫.০ কেজি নাবী জাতের আমন উফশী বীজ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে;

৭. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৮. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৯. বর্ণিত পুনর্বাসন কার্যক্রম মনিটরিং করার জন্য এ কার্যক্রমের বাস্তবায়ন পদ্ধতিতে উল্লিখিত **'কৃষক তথ্য ছক'** মোতাবেক কৃষকের তথ্যাদি পূরণ করে সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার কর্তৃক স্বাক্ষরপূর্বক বিতরণ কার্যক্রম সমাপ্তির হওয়ার **০৩ (তিন) কর্মদিবসের মধ্যে পরিচালক (সরেজমিন উইং),** কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;

১০. এ কর্মসূচির আওতায় আমন ধানের উফশী বীজ জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি হতে সংগ্রহ করতে হবে;

১১. সকল প্রকার ব্যয় ও সমন্বয় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না;

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার এর অফিসে সংরক্ষিত থাকবে;

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না;

১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। তাছাড়া এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে;

১৫. ২০২২-২৩ অর্থবছরে রোপা আমন/ ২০২২-২৩ মৌসুমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের বীজ ও সার সহায়তা কর্মসূচি প্রদানের নিমিত্ত কৃষি পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন অর্থছাড়ের সরকারি আদেশে উল্লিখিত খাত ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না; এবং

১৬. উপকরণ বিতরণের মাধ্যমে পুনর্বাসন কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে।

আপনার বিশ্বস্ত,

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪
Email: input2@moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২২.৪৬৩

তারিখ : ৩০ আষাঢ় ১৪২৯ / ১৪ জুলাই ২০২২

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২২.৪৬৩

তারিখ : ৩০ আষাঢ় ১৪২৯ / ১৪ জুলাই ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন/) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১২টি জেলা)।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১২টি জেলা)।
১৪. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ১২ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৬. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০(দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচাক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৭. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪/৭/২০২২

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব